# ইনফরমেটিকস্

বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতির মুখপত্র

ESTD. 1986

জানুয়ারি ২০২০ – ডিসেম্বর ২০২২


## গ্রন্থাগার ও তথ্যসেবা পেশাজীবী বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা প্রদান




বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা প্রদান

বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) গত ২ ডিসেম্বর ২০২২ তারিখে মুক্তিযুদ্ধ জাদুঘর সেমিনার কক্ষে দেশের সূর্য সন্তান গ্রন্থাগার ও তথ্যসেবা সংশ্লিষ্ট পেশাজীবী বীর মুক্তিযোদ্ধাদের এক অনুষ্ঠানের মাধ্যমে সম্মাননা প্রদান করেছে। মুক্তিযুদ্ধ জাদুঘরের সহযোগিতায় অনুষ্ঠিত এ অনুষ্ঠানে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক রচনা ও কুইজ প্রতিযোগিতায় বিজয়ী শিশুদেরকেও পুরস্কার প্রদান করা হয়। বেলিডের চেয়ারম্যান ড. মোহাম্মদ হোচ্ছাম হায়দার চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এডভোকেট আলহাজ্ব আ ক ম মোজাম্মেল হক, এমপি এবং সন্মানিত অতিথি ছিলেন মুক্তিযুদ্ধ জাদুঘরের প্রতিষ্ঠাতা ট্রাস্টি জনাব মফিদুল হক।

মাননীয় মন্ত্রী বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা প্রদানের এ উদ্যোগের জন্য বেলিডের প্রশংসা করেন এবং ৮ নং সেক্টরের বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক ড. এস. এম. মান্নান, ১১ নং সেক্টরের বীর মুক্তিযোদ্ধা এডভোকেট আক্তারুজ্জামান, ৯ নং সেক্টরের বীর মুক্তিযোদ্ধা মো. আনিছুর রহমান, ৩ নং সেক্টরের বীর মুক্তিযোদ্ধা আইন উদ্দিন আহমেদ, ৬ নং সেক্টরের বীর মুক্তিযোদ্ধা মো. আব্দুল গফফার এবং ৮ নং সেক্টরের বীর মুক্তিযোদ্ধা মো. মাহবুব আলম-কে সম্মাননা ক্রেস্ট ও উত্তরীয় প্রদান করেন। এছাড়াও প্রধান অতিথি বেলিডের সুহৃদ তরুণ শিল্পোদ্যাক্তা মো. নাছির উদ্দিন-কে বেলিড সুহৃদ সম্মাননা ক্রেস্ট ও উত্তরীয় প্রদান করেন।

... বাকী অংশ পৃষ্ঠা ৮ এ

## বেলিডের নেতৃত্বে স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরী শিক্ষাপ্রতিষ্ঠান গ্রন্থাগারিকের শিক্ষক পদমর্যাদা ও পদবী 'গ্রন্থাগার প্রভাষক'ও 'সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)' অর্জন

দেশের গ্রন্থাগার পেশাজীবীদের সুদীর্ঘ আন্দোলনের ইতিহাসে সর্বপ্রথম বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড)-এর নেতৃত্বে গ্রন্থাগার পেশাজীবীগণ রাজপথে সম্মিলিত আন্দোলনের মাধ্যমে স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিকদের শিক্ষক পদমর্যাদা ও পদবী যথাক্রমে 'গ্রন্থাগার প্রভাষক' ও 'সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)' গত ২৮ মার্চ ২০২১ তারিখের শিক্ষা মন্ত্রণালয়ের বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা ২০২১-এ অন্তর্ভুক্তির মাধ্যমে অর্জিত হয়েছে। এ দাবী আদায় মোটেও সহজ ছিলনা,কারণ কিছু ব্যক্তি এ দাবীর প্রকাশ্য বিরোধিতা করছিল। তবে বেলিডের নেতৃত্বে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত দীর্ঘ পাঁচবছর ধারাবাহিকভাবে দেশের গ্রন্থাগার পেশাজীবীদের রাজপথের সম্মিলিত আন্দোলন, মাননীয় প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী, শিক্ষাসচিব, জাতীয় সংসদ সদস্য, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা অধিদপ্তর ও শিক্ষা বোর্ডের কর্মকর্তাসহ সরকারের বিভিন্ন মহলে আবেদন, আলোচনা ও যোগাযোগের মাধ্যমে এ দাবী আদায় করা সম্ভব হয়েছে। এ কৃতিত্ব মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার যিনি দেশের মহাবিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান গ্রন্থাগারে কর্মরত গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিকদের শিক্ষক পদমর্যাদা প্রদান ও পদের নামকরণ যথাক্রমে 'গ্রন্থাগার প্রভাষক' ও 'সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)' করার জন্য বেলিডের প্রস্তাবে সম্মতি ও তা বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেছিলেন। বেলিডসহ দেশের সকল গ্রন্থাগার ও তথ্যসেবা পেশাজীবীগণ প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছে এবং তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছে।

প্রসঙ্গতঃ এ সমস্যার সৃষ্টি হয়েছিল ২২ ডিসেম্বর ২০১৬ তারিখের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক

... বাকী অংশ পৃষ্ঠা ৩ এ

# বেলিডের ২৩তম বার্ষিক সাধারণ সভা এবং নির্বাচন ২০২১

বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড)-এর ২৩তম সাধারণ সভা গত ২৭ নভেম্বর ২০২১ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদ মুনীর চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়। বেলিডের চেয়ারম্যান হাজেরা রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ বার্ষিক সাধারণ সভায় বিপুল সংখ্যক বেলিড সদস্য অংশগ্রহণ করেন। সভায় বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করেন বেলিডের মহাসচিব মো. হুমায়ুন কবির। অর্থসচিব মো. আহসান হাবিব সমিতির ২০১৯-২০২০ সালের আর্থিক প্রতিবেদন ও ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট উপস্থাপন করেন। উপস্থিত সদস্যগণ বেলিডের বার্ষিক প্রতিবেদন, বাজেট ও আর্থিক প্রতিবেদনের ওপর আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচনার পর বাজেট ও আর্থিক প্রতিবেদন সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।




বেলিডের ২৩তম বার্ষিক সাধারণ সভায় নির্বাচিত কার্যনির্বাহী পরিষদ ২০২২-২০২৩

বেলিডের ২৩তম বার্ষিক সাধারণ সভার ২য় পর্বে বেলিডের কার্যনির্বাহী পরিষদ ২০২২-২০২৩ এর নির্বাচন অনুষ্ঠিত হয়। বেলিডের সাবেক চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ আবদুস সাত্তার, বেলিডের জীবন সদস্য ড. মো. মনিরুজ্জামান এবং ড. দিলরুবা মাহবুবা নির্বাচন কমিশনার হিসেবে নির্বাচন পরিচালনা করেন।

নির্বাচন কমিশনারগণ সভায় উপস্থিত সদস্যবৃন্দের মধ্যে থেকে বেলিডের কার্যনির্বাহী পরিষদের ১৭টি পদের যোগ্যপ্রার্থীর নাম আহ্বান করলে উপস্থিত সদস্যবৃন্দের মধ্যে থেকে দুটি পূর্ণাঙ্গ এবং একটি আংশিক প্যানেল প্রস্তাব করা হয়। প্রস্তাবিত প্যানেলগুলোর মধ্যে আলাপ আলোচনার মাধ্যমে ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর গ্রন্থাগারিক ড. মোহাম্মদ হোচ্ছাম হায়দার চৌধুরী-কে চেয়ারম্যান এবং বাংলাদেশ ব্যাংক গ্রন্থাগারের যুগ্ম-পরিচালক শশাঙ্ক কুমার সিংহ-কে মহাসচিব মনোনীত করে ১৭ সদস্য বিশিষ্ট বেলিড কার্যনির্বাহী পরিষদ ২০২২-২০২৩ ঘোষণা করা হয়।

বেলিডের কার্যনির্বাহী পরিষদ ২০২২-২০২৩ -এর অন্যান্য সদস্যরা হলেন- তিনজন ভাইস চেয়ারম্যান যথাক্রমে কমিউনিটি ডেভেলপমেন্ট লাইব্রেরির সাবেক প্রধান নির্বাহী এ কে এম মফিজুর রহমান,বাংলাদেশ শিশু একাডেমির প্রধান গ্রন্থাগারিক রেজিনা আক্তার এবং ইন্ডিপেনডেন্ট ইউনির্ভাসিটি,বাংলাদেশ-এর উপ-গ্রন্থাগারিক মোহাম্মদ হুমায়ুন কবীর।

যুগ্ম-মহাসচিব নির্বাচিত হয়েছেন বাংলাদেশ ব্যাংক গ্রন্থাগারের উপ-পরিচালক এ কে এম নুরুল আলম অপু। অর্থসচিব নির্বাচিত হয়েছেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপ-গ্রন্থাগারিক মো. ফজলুল করিম। সংস্থাপন সচিব নির্বাচিত হয়েছেন বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন এ্যান্ড টেকনোলজি'র উপ-গ্রন্থাগারিক কাজী ফরহাদ নোমান। গবেষণা ও উন্নয়ন সচিব হয়েছেন ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি'র গ্রন্থাগার প্রধান (ভারপ্রাপ্ত) মো. আহসান হাবিব এবং প্রকাশনা ও জনসংযোগ সচিব হয়েছেন মো. আতিকুর রহমান খোকন।

সাতজন নির্বাহী সদস্য হলেন বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন এ্যান্ড টেকনোলজি'র গ্রন্থাগারিক হাজেরা রহমান, রয়্যাল ইউনিভার্সিটি অব ঢাকা'র গ্রন্থাগার ব্যবস্থাপনা ও তথ্য বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মো. মোস্তাফিজুর রহমান, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক ড. মো. জাহিদ হোসেন শোয়েব, আহসানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক ড. মো. জিল্লুর রহমান, বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউটের গ্রন্থাগারিক সাবিহা খন্দকার, বাংলাদেশ নির্বাচন কমিশনের গ্রন্থাগারিক নাছিমা আক্তার রিতা এবং পল্লীকর্ম সহায়ক ফাউন্ডেশনের গ্রন্থাগারিক মো. ইলতুতমিস।

**প্রধান সম্পাদক**
ড. মোহাম্মদ হোচ্ছাম হায়দার চৌধুরী
চেয়ারম্যান, বেলিড।

**সম্পাদক**
মো. আতিকুর রহমান খোকন
প্রকাশনা ও জনসংযোগ সচিব, বেলিড।

**সম্পাদনা পরিষদ**

| | |
|---|---|
| ড. মো. মোস্তাফিজুর রহমান | আহ্বায়ক |
| এ কে এম মফিজুর রহমান | সদস্য |
| ড. মোহাম্মদ মনিরুজ্জামান | সদস্য |
| ড. জাহিদ হোসেন শোয়েব | সদস্য |
| রেজিনা আক্তার | সদস্য |
| মো. ফজলুল করিম | সদস্য |
| মো. ইলতুতমিস | সদস্য |
| এ কে এম নুরুল আলম অপু | সদস্য |
| সাবিহা খন্দকার | সদস্য |
| শশাংক কুমার সিংহ | সদস্য-সচিব |

বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) কর্তৃক প্রকাশিত।
ঠিকানা : বাসা নং ৬৭/বি, রোড নং- ৯/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯।
ইমেইল: balid-bd@gmail.com, ওয়েব সাইট: http://www.balid.org

## বেলিডের নেতৃত্বে স্কুল, কলেজ, *–১ম পৃষ্ঠার বাকী অংশ*

স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভার্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা ২০০৯ -এর সংশোধনপূর্বক পরিপত্র ১লা জানুয়ারি ২০১৭ তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হওয়ার মাধ্যমে। এ পরিপত্রে গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিকগণ শিক্ষক হিসেবে গণ্য হইবে না উল্লেখ করা হয়, ফলে ঢাকা বোর্ডের অধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত সহকারী গ্রন্থাগারিকগণ বিদ্যালয় পরিচালনা পরিষদের নির্বাচনে অংশগ্রহণ ও ভোট দানের অধিকার থেকে বঞ্চিত হয়। পরিপত্রে ঢাকা শিক্ষা বোর্ডের অধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী গ্রন্থাগারিক পদটি অশিক্ষক হিসেবে নির্ধারিত হওয়ায়, এরই ধারাবাহিকতায় দেশের অন্যান্য শিক্ষা বোর্ডের অধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী গ্রন্থাগারিক পদটিও অশিক্ষক হিসেবে বিবেচিত হতে থাকে।


এ বিষয়টি ৮ জানুয়ারি ২০১৭ তারিখে বেলিডের কার্যনির্বাহী কমিটির সভায় বেলিডের চেয়ারম্যান ড. মো. মোস্তাফিজুর রহমান উপস্থাপন করেন এবং দীর্ঘ আলোচনান্তে ২৮ জানুয়ারি ২০১৭ তারিখ বেলা ১১ টায় দেশের স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান গ্রন্থাগারিকদের শিক্ষক পদমর্যাদা প্রদান এবং ঢাকা শিক্ষা বোর্ডের অধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিকদের শিক্ষক মর্যাদা দিয়ে সংশোধিত পরিপত্র জারীর দাবীতে জাতীয় প্রেসক্লাব, ঢাকার সামনে মানব-বন্ধন কর্মসূচি পালন ও এ দাবী বাস্তবায়নে শিক্ষামন্ত্রী, শিক্ষা সচিব, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং চেয়ারম্যান, ঢাকা শিক্ষা বোর্ড-কে বেলিডের প্রতিবাদ পত্র প্রদান ও তাঁদের সাথে সাক্ষাতের সিদ্ধান্ত গৃহীত হয়।

তৎপ্রেক্ষিতে ২৫ জানুয়ারি ২০১৭ তারিখে বেলিড চেয়ারম্যান ড. মো. মোস্তাফিজুর রহমান ও মহাসচিব শশাংক কুমার সিংহ-এর স্বাক্ষরিত প্রতিবাদ ও দাবী বাস্তবায়নের আবেদনপত্র শিক্ষামন্ত্রী, শিক্ষা সচিব, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাকে প্রেরণ করা হয় এবং ২৮ জানুয়ারি ২০১৭ তারিখ বেলা ১১ টায় জাতীয় প্রেসক্লাব, ঢাকার সামনে বেলিডের মানব-বন্ধন কর্মসূচি পালন করা হয়।


আন্দোলন জোরালো করার লক্ষ্যে, বেলিড চেয়ারম্যান ড. মো. মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে ১০ ফেরুয়ারি ২০১৭ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডাকসু ক্যাফেটা-রিয়াতে স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারিকদের শিক্ষক পদমর্যাদা আদায় ও অন্যান্য সমস্যা সমাধানে করণীয় নিয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এ মতবিনিময় সভায় ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার সমিতির সভাপতি সৈয়দ আলী আকবর, ড. মির্জা মোহা. রেজাউল ইসলাম, অধ্যাপক ড. এস এম জাবেদ আহমেদ, ড. মো. আনোয়ারুল ইসলাম, এ ডি এম আলী আহমেদ, এ কে এম মফিজুর রহমান, আবু মোহা. হান্নান মিয়া, নমিতা আখতার, বেলিড মহাসচিব শশাংক কুমার সিংহ, বাংলাদেশ বিদ্যালয় গ্রন্থাগার সমিতির সভাপতি এ এফ এম কামরুল হাছান, সাধারণ সম্পাদক মো. মাহবুবুল আলম ভূইয়া, বেসরকারি কলেজ গ্রন্থাগার সমিতির সভাপতি জেবুন্নেছা শোভা, জাতীয়করণকৃত ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান গ্রন্থাগার সমিতি (এনজেল) -এর সভাপতি আবুল মাহফুজ মাজদার আহাম্মদ, সাধারণ সম্পাদক বেলাল আহমেদ, পিটিআই গ্রন্থাগার সমিতির সভাপতি মো. মাহবুবুল আলম সিদ্দিকী-সহ সারাদেশের গ্রন্থাগার পেশাজীবী নেতৃবৃন্দ ও বেলিড সদস্যগণ উপস্থিত ছিলেন। সভায় মহাবিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিকদের শিক্ষক পদমর্যাদা ও অন্যান্য দাবী আদায়ে সম্মিলিতভাবে রাজপথে আন্দোলন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও দপ্তরে যোগাযোগ ও আবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় এ দাবী আদায়ে কেন্দ্রীয় শহীদ মিনার, ঢাকায় সারা দেশের গ্রন্থাগারিকদের প্রতীকী অনশন পালনের দিন ধার্য্য করা হয়। তৎপ্রেক্ষিতে ১১ মার্চ ২০১৭ তারিখ বেলা ১১টা থেকে ২টা পর্যন্ত কেন্দ্রীয় শহীদ মিনার, ঢাকায় প্রতীকী অনশন কর্মসূচি পালন করা হয়। বেলিডের চেয়ারম্যান ড. মো. মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে এবং বাংলাদেশ বিদ্যালয় গ্রন্থাগার সমিতির সভাপতি এ এফ এম কামরুল হাছানের সঞ্চালনায় এ প্রতীকী অনশন কর্মসূচিটি সারা দেশের কয়েক শত গ্রন্থাগার ও তথ্যসেবা পেশাজীবী, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানের শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে সফলভাবে পালন করা হয়।

২০ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে বেলিড চেয়ারম্যান ড. মো. মোস্তাফিজুর রহমান ও মহাসচিব শশাংক কুমার সিংহ মাননীয় প্রধানমন্ত্রীকে মহাবিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা গ্রন্থাগারে কর্মরত গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিক পদটির নামকরণ ‘গ্রন্থাগার প্রভাষক’ ও ‘সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)’ করার লিখিত আবেদন করেন এবং বেলিড চেয়ারম্যান ড. মো. মোস্তাফিজুর রহমান, সাবেক চেয়ারম্যান ড. মির্জা মোহা. রেজাউল ইসলাম ও লাইব্রেরিয়ান মনিরুল ইসলাম কনক প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক (প্রশাসন) জনাব কবির বিন আনোয়ার এর সাথে স্বাক্ষাত করে এ বিষয়ে তাঁর সহায়তা কামনা করেন। অতঃপর বেগম আখতার জাহান এমপি ম্যাডামের

... বাকী অংশ পৃষ্ঠা ৪ এ


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

বেলিডের আবেদনের পেক্ষিতে প্রধানমন্ত্রীর দপ্তরের নির্দেশনা পত্র


বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড)
Bangladesh Association of Librarians, Information Scientists and Documentalists (BALID)

পদমর্যাদা ও পদের নতুন নামকরণে প্রধানমন্ত্রীকে পদত্ত বেলিডের আবেদন পত্র


অক্লান্ত প্রচেষ্টায় ও মনিরুল ইসলামের সহায়তায় ২০ মার্চ ২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর বেলিডের প্রস্তাবিত মহাবিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা গ্রন্থাগারে কর্মরত গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিক পদটির নামকরণ ‘গ্রন্থাগার প্রভাষক’ ও ‘সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)’ করার নির্দেশনা প্রদান করে শিক্ষা সচিবদেরকে পত্র প্রেরণ করেন।

২০ মার্চ ২০১৭ তারিখের মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরের নির্দেশনা বাস্তবায়নে বেলিডের আজীবন সদস্য বেগম আখতার জাহান এমপি, বেলিডের চেয়ারম্যান ড. মো. মোস্তাফিজুর রহমান ও সাবেক চেয়ারম্যান ড. মির্জা মোহা. রেজাউল ইসলাম, ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার সমিতির সভাপতি ও বেলিডের সাবেক ভাইস-চেয়ারম্যান সৈয়দ আলী আকবর, বেলিডের সাবেক ভাইস-চেয়ারম্যান ড. মো. আনোয়ারুল ইসলাম ও আবু মোহা. হান্নান মিয়া, বেলিডের আজীবন সদস্য ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড.এস এম জাবেদ আহমেদ, বেলিডের আজীবন সদস্য ও গণগ্রন্থাগার অধিদপ্তরের লাইব্রেরিয়ান এ ডি এম আলী আহমেদ, শিক্ষা মন্ত্রণালয়ের লাইব্রেরিয়ান মাহমুদা আখতার, বেলিড মহাসচিব শশাংক কুমার সিংহ, বাংলাদেশ বিদ্যালয় গ্রন্থাগার সমিতির সভাপতি এ এফ এম কামরুল হাছান, সাধারণ সম্পাদক মো. মাহবুবুল আলম ভূইয়া ও আবিদ হাছান, এনজেল সভাপতি আবুল মাহফুজ মাজদার আহাম্মদ, সাধারণ সম্পাদক বেলাল আহমেদ-সহ অন্যান্য বেলিড সদস্য ও গ্রন্থাগার ও তথ্যসেবা পেশাজীবীগণ ধারাবাহিকভাবে শিক্ষামন্ত্রী, শিক্ষা সচিব, শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান-সহ সংশ্লিষ্টদের সাথে সাক্ষাৎ করে মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরের নির্দেশনা বাস্তবায়নে তাঁদের সহায়তা কামনা করেন ও এ দাবী আদায়ে আপ্রাণ চেষ্টা করতে থাকেন। বেগম আখতার জাহান এমপি জাতীয় সংসদ ভবনে শিক্ষামন্ত্রী ও শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতিকে গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিক পদের শিক্ষক পদমর্যাদা ও পদবী প্রদানে মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরের নির্দেশনা বাস্তবায়নের অনুরোধ করেন।

২৪ জুলাই ২০১৭ তারিখে বেলিডের চেয়ারম্যান ড.মো. মোস্তাফিজুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অফিসার্স সমিতির সভাপতি সৈয়দ আলী আকবর, শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব শ্যামা প্রসাদ ব্যাপারী, বেলিডের সাবেক ভাইস-চেয়ারম্যান ড. মো. আনোয়ারুল ইসলাম এবং এনজেল সভাপতি আবুল মাহফুজ মাজদার আহাম্মদ মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরের নির্দেশনা বাস্তবায়নের মাধ্যমে দেশের স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগার ও তথ্যসেবা পেশাজীবীদের শিক্ষক পদমর্যাদার বিষয়টির চলমান সংকট সমাধানে অধ্যাপক ড. মো. ওয়াহিদুজ্জামান, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-এর সাথে সাক্ষাৎ করে সহায়তা কামনা করেন।

১০ অক্টোবর ২০১৭ তারিখে বেলিড চেয়ারম্যান ড. মো. মোস্তাফিজুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স সমিতির সভাপতি সৈয়দ আলী আকবর, ড. মো. আনোয়ারুল ইসলাম, এ ডি এম আলী আহমেদ, এনজেলের সভাপতি আবুল মাহফুজ মাজদার আহাম্মদ, সাধারণ সম্পাদক মো. বেলাল হোসেন, বাংলাদেশ বিদ্যালয় গ্রন্থাগার সমিতির ঢাকা জেলা শাখার সভাপতি মো. মাহবুবুল আলম ভূইয়া ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মো. মাহাবুবুর রহমানের সাথে তাঁর অফিসে সাক্ষাত করে, ঢাকা বোর্ডের ১ জানুয়ারি ২০১৭ তারিখের জারীকৃত পরিপত্রের প্রেক্ষিতে স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত গ্রন্থাগারিকদের যে সমস্যা হচ্ছে তা মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরের নির্দেশনা বাস্তবায়নের মাধ্যমে সমাধানের বিষয়ে আলোচনা করেন। তিনি গ্রন্থাগারিকদের শিক্ষক পদমর্যাদার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন বলে আশ্বাস প্রদান করেন।

অতঃপর ৫ নভেম্বর ২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরের নির্দেশনা বাস্তবায়নের অনুরোধ করে বেলিডের চেয়ারম্যান ড. মো. মোস্তাফিজুর রহমান ও মহাসচিব শশাংক কুমার সিংহের লিখিত আবেদন নিয়ে বেলিডের সাবেক ভাইস-চেয়ারম্যান সৈয়দ আলী আকবর শিক্ষা সচিব জনাব


www.shed.gov.bd
ds_sec2@moedu.gov.bd

প্রধানমন্ত্রীর দপ্তরের নির্দেশনা বাস্তবায়নে শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগ

সোহরাব হোসাইনের সাথে দেখা করলে সচিব মহোদয় আবেদনটি ফাইলে উপস্থাপনের আদেশ প্রদান করেন। বেলিডের এই আবেদনের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় ১৫ মে ২০১৮ তারিখের পত্রে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিকদের শিক্ষক পদমর্যাদা প্রদানের বিষয়ে মতামত জানতে চায়। ঢাকা শিক্ষা বোর্ড যথারীতি গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিকদের শিক্ষক পদমর্যাদা প্রদানের বিপক্ষে মত প্রদান করে যদিও বেলিড নেতৃবৃন্দ ১৮ মে ২০১৮ তারিখে দেখা করে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু. জিয়াউল হককে গ্রন্থাগারিকদের শিক্ষক পদমর্যাদা প্রদানের পক্ষে মতামত দানের অনুরোধ করেছিলেন। তবে তিনি বেলিডের অনুরোধ না রেখে তাঁর পূর্বসূরি অধ্যাপক মাহাবুবুর রহমানের ন্যায় গ্রন্থাগারিকদের বিপক্ষে অবস্থান নিয়েছিলেন।

শিক্ষক পদমর্যাদা আদায়ে বেলিডের চেয়ারম্যান ড. মো. মোস্তাফিজুর রহমান, সাবেক ভাইস-চেয়ারম্যান সৈয়দ আলী আকবর ও ড. মো. আনোয়ারুল ইসলাম, বাংলাদেশ বিদ্যালয় গ্রন্থাগার সমিতির সভাপতি এ এফ এম কামরুল হাছান-সহ অন্যান্য গ্রন্থাগার পেশাজীবীগণ যথাক্রমে ২৩ এপ্রিল ২০১৮ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক মো. মাহাবুবুর রহমান এবং ৯ অক্টোবর ২০১৮ তারিখে শিক্ষা সচিব জনাব সোরহাব হোসাইনের সাথে সাক্ষাৎ করে প্রধানমন্ত্রীর দপ্তরের নির্দেশনা অনুসারে স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিকদের শিক্ষক পদমর্যাদা ও পদবী যথাক্রমে ‘গ্রন্থাগার প্রভাষক’ ও ‘সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)’ প্রদানে সহায়তা প্রার্থনা করেন।

পুনরায়, ২৭ অক্টোবর ২০১৯ তারিখে শিক্ষা সচিব জনাব সোহরাব হোসাইনের সাথে সাক্ষাৎ করে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিকদের শিক্ষক পদমর্যাদা ও পদবী যথাক্রমে ‘গ্রন্থাগার প্রভাষক’ ও ‘সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)’ করার অনুরোধ করা হলে, সচিব মহোদয় আমাদের সাথে মিটিং চলাকালীন সময় সংশ্লিষ্ট কর্মকর্তাকে ডেকে এনে এ বিষয়ের অগ্রগতি সম্পর্কে অবহিত হন এবং তিনি স্কুল,

... বাকী অংশ পৃষ্ঠা ৫ এ

## বেলিডের নেতৃত্বে স্কুল, কলেজ, –৪র্থ পৃষ্ঠার বাকী অংশ

কলেজ, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিকদের শিক্ষক পদমর্যাদা ও পদবী প্রদানের ব্যাপারে মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরের নির্দেশনা যথাযথ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন বলে আশ্বস্ত করেন।



শিক্ষা সচিব জনাব সোরহাব হোসাইনের সাথে আলোচনা

২০২০ সালের বিভিন্ন সময়ে সৈয়দ আলী আকবর, ড. মো. মোস্তাফিজুর রহমান, ড. মো. আনোয়ারুল ইসলাম ও এ এফ এম কামরুল হাছান শিক্ষা মন্ত্রণালয়ের 'বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা ২০২১' প্রণয়ন কমিটির সদস্যগণ, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং সচিব, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সাথে যোগাযোগ করে স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিকদের মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশিত শিক্ষক পদমর্যাদা ও পদবী প্রদানে তাদের সহায়তা কামনা করেন।

এ দীর্ঘ প্রচেষ্টায় অবশেষে ২৮ মার্চ ২০২১ তারিখে বেলিডের প্রস্তাবিত এবং মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নির্দেশিত বেসরকারি স্কুল ও কলেজের গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিকদের শিক্ষক পদমর্যাদা প্রদান ও পদটির নামকরণ যথাক্রমে 'গ্রন্থাগার প্রভাষক' ও 'সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)' হিসেবে শিক্ষা মন্ত্রণালয়ের 'বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা ২০২১'-এ অন্তর্ভূক্ত করা হয়। এরই ধারাবাহিকতায় ৩১ মে ২০২১ তারিখে দেশের সকল বেসরকারি স্কুল ও কলেজ এবং ১৯ জুলাই ২০২১ তারিখে বেসরকারি মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিকদের শিক্ষক পদমর্যাদা প্রদান ও পদবী যথাক্রমে 'গ্রন্থাগার প্রভাষক' ও 'সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)' করা হয়। দেশের সকল গ্রন্থাগার ও তথ্যসেবা পেশাজীবীগণ চিরদিন বেলিডের এ অবদান সম্মানের সাথে স্মরণ করবে।

[লেখকঃ অধ্যাপক ড. মো. মোস্তাফিজুর রহমান, সাবেক চেয়ারম্যান, বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড)]

## মাদ্রাসার এমপিও শীটে সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) এবং গ্রন্থাগার প্রভাষক পদবী অন্তর্ভুক্তি

বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) মাদ্রাসার এমপিও শীটে সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) এবং গ্রন্থাগার প্রভাষক পদবী অন্তর্ভুক্তির জন্য একটি আবেদন করে। বেলিডের ভাইস চেয়ারম্যান রেজিনা আলম, মহাসচিব শশাংক কুমার সিংহ ও যুগ্ম-মহাসচিব এ কে এম নুরুল আলম অপু-এর ঐকান্তিক প্রচেষ্টায় গত ১৮ এপ্রিল ২০২২ তারিখে মাননীয় সচিব, শিক্ষা মন্ত্রণালয়ের দপ্তরে থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছিল। শিক্ষা সচিবের দপ্তরের পত্রের অগ্রগতি জানতে গত ১০ মে ২০২২ তারিখে বেলিডের ভাইস চেয়ারম্যান রেজিনা আলম মহাপরিচালক এ কে রুহুল আমীন ও পরিচালক (প্রশাসন ও অর্থ) মোহাম্মদ আবু নঈম, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সাথে সাক্ষাৎ করলে তারা অতিসত্বর এমপিও শীটে সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) এবং গ্রন্থাগার প্রভাষক পদবী অন্তর্ভুক্তির কথা জানান। তৎপ্রেক্ষিতে মাদ্রাসার ডিসেম্বর ২০২২ মাসের এমপিও শীটে সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) এবং গ্রন্থাগার প্রভাষক পদবী অন্তর্ভুক্ত হয়েছে। তবে নিয়োগ জটিলতার জন্য কোন কোন প্রতিষ্ঠানের পদবী এখনও অপরিবর্তিত রয়েছে যা শীঘ্রই পরিবর্তিত হবে।

## নতুন পদে যোগদান

### ড. মোস্তাফিজের অধ্যাপক পদে যোগদান



ড. মো. মোস্তাফিজুর রহমান খুলনা খান বাহাদুর আহছানউল্লা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ও বিভাগীয় প্রধান পদে যোগদান করেছেন। তিনি রয়্যাল ইউনিভার্সিটি অব ঢাকার গ্রন্থাগার ব্যবস্থাপনা ও তথ্য বিজ্ঞান বিভাগের অধ্যাপক ও বিভাগীয় প্রধান পদে কর্মরত ছিলেন।

### সুস্মিতা সাহা-এর প্রভাষক পদে যোগদান



সুস্মিতা সাহা ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক পদে যোগদান করেছেন। তিনি কুড়িগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় থেকে মাধ্যমিক, কুড়িগ্রাম সরকারি মহিলা কলেজ থেকে উচ্চ মাধ্যমিক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ হতে কৃতিত্বের সাথে ২০১৭ সালে স্নাতক এবং ২০১৮ সালে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন।

### আফসানা ঝুমুর-এর ক্যাটালগার পদে যোগদান



আফসানা ঝুমুর পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় লাইব্রেরিতে ক্যাটালগার পদে যোগদান করেছেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ হতে ২০১৫ সালে প্রথম বিভাগে প্রথম হয়ে অনার্স এবং ২০১৬ সালে প্রথম বিভাগে দ্বিতীয় হয়ে মাস্টার্স ডিগ্রী অর্জন করেন।

### নোবিপ্রবিতে ৩ জন প্রভাষক পদে যোগদান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের ৩ জন সাবেক কৃতি শিক্ষার্থী মোঃ মোজাম্মেল ভুইয়া, মোঃ আতিকুজ্জামান এবং মোঃ সাকিব বিশ্বাস নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ইনফরমেশন সায়েন্সেস-এর তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক পদে যোগদান করেছেন।

### শাখাওয়াত হোসাইন ভুইয়া-এর ডেপুটি লাইব্রেরিয়ান পদে যোগদান

মোহাম্মদ সাখাওয়াত হোসেন ভূঁইয়া ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগারের ডেপুটি লাইব্রেরিয়ান পদে যোগদান করেছেন। এর আগে তিনি অত্র বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ডেপুটি লাইব্রেরিয়ান পদে কর্মরত ছিলেন।

### মো. আহসান হাবিব-এর লাইব্রেরি-ইন-চার্জ (লাইব্রেরি প্রধান) পদে যোগদান

মো. আহসান হাবিব গত ১৫ জুলাই ২০২০ ইসলামিক ইউনিভার্সিটির অব টেকনোলজি (আইইউটি) এর লাইব্রেরি-ইন-চার্জ (লাইব্রেরি প্রধান) হিসেবে পদোন্নতি পেয়ে যোগদান করেছেন। পদোন্নতির পূর্বে তিনি অত্র প্রতিষ্ঠানের এসিস্ট্যান্ট লাইব্রেরিয়ান পদে কর্মরত ছিলেন। আহসান হাবিব ২০১০ সালে আইইউটি-তে লাইব্রেরি অফিসার পদে যোগদান করেছিলেন।

## বেলিডের ৩৬তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

বেলিডের ৩৬তম প্রতিষ্ঠা বার্ষিকী বেলিড অফিসে করোনা স্বাস্থ্য বিধি মেনে ২৩শে জানুয়ারি ২০২২ তারিখে উৎযাপন করা হয়। বেলিডের মহাসচিব শশাঙ্ক কুমার সিংহ-এর সঞ্চালনায় এ অনুষ্ঠানে বেলিডের প্রতিষ্ঠাকালীন চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ আবদুস সাত্তার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো. জাফর ইকবাল, প্রাক্তন মহাসচিব, বেলিড এবং সভাপতিত্ব করেন বেলিড চেয়ারম্যান জনাব মোহাম্মদ হোচ্ছাম হায়দার চৌধুরী।



অনুষ্ঠানের প্রথমেই বেলিডের যেসকল সদস্য প্রয়াত হয়েছেন তাদের অবদান ও স্মৃতির উদ্দেশ্যে এক মিনিট নিরবতা পালন করে অনুষ্ঠান শুরু করা হয়। অতিথিবৃন্দ তাদের বক্তব্যে অতীত স্মৃতিচারণ করে সমিতির উন্নয়নে তাদের অভিজ্ঞতা বিনিময় করেন এবং বেলিডের বর্তমান কার্যক্রমে সন্তুষ্টি প্রকাশ করে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। প্রতিষ্ঠা বার্ষিকীতে বেলিডের প্রথম এবং প্রাক্তন মহাসচিব জনাব মো. হারুন-অর-রশীদ কানাডা থেকে ই-মেইলের মাধ্যমে একটি শুভেচ্ছা বার্তা প্রেরণ করে যা বর্তমান কমিটির ভাইস চেয়ারম্যান এ কে এম মফিজুর রহমান পাঠ করে সকলকে অবহিত করেন। বেলিডের চেয়ারম্যান প্রধান অতিথিসহ অন্যান্য অতিথি বৃন্দদের সাথে একসঙ্গে কেক কাটার মধ্য দিয়ে অনুষ্ঠনের সমাপ্তি ঘোষণা করেন। প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানে বেলিডের কার্যনির্বাহী পরিষদের সদস্যগণ উপস্থিত ছিলেন।

## বেসরকারীর ন্যায় সরকারী ও আত্মীকরণকৃত স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের পদবী পরিবর্তনের উদ্যোগ

গত ২৭ মার্চ ২০২২ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সাথে বেলিডের ভাইস-চেয়ারম্যান রেজিনা আক্তার, মহাসচিব শশাংক কুমার সিংহ ও যুগ্ম-মহাসচিব এ কে এম নুরুল আলম অপুর আলোচনার প্রেক্ষিতে গত ২৯ মার্চ ২০২২ তারিখে বেলিড চেয়ারম্যান ড. মোহাম্মাদ হোচ্ছাম হায়দার চৌধুরী ও মহাসচিব শশাংক কুমার সিংহ স্বাক্ষরিত সরকারী ও আত্মীকরণকৃত স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিক পদবী পরিবর্তন করে বেসরকারীর ন্যায় গ্রন্থাগার প্রভাষক ও সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) করার জন্য দুটি পৃথক পত্র শিক্ষা মন্ত্রণালয়ের সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং সচিব, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কে প্রদান করা হয়েছে। সরকারী ও আত্মীকরণকৃত স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিক পদবী পরিবর্তন করে গ্রন্থাগার প্রভাষক ও সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) না হওয়া পর্যন্ত বেলিডের এ প্রচেষ্টা অব্যাহত থাকবে।

বেলিড বিশ্বাস করে যদি দেশের সকল গ্রন্থাগার পেশাজীবীগণ সম্মিলিতভাবে এ দাবী আদায়ের প্রচেষ্টা অব্যাহত রাখেন তবে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় সরকারী ও আত্মীকরণকৃত স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিকদের পদবী অচিরেই গ্রন্থাগার প্রভাষক ও সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) করা সম্ভব হবে।

## বাংলাদেশের গ্রন্থাগার পেশাজীবী ও ডিজিটাল গ্রন্থাগারঃ প্রতিবন্ধকতা ও প্রত্যাশা

জাতীয় গ্রন্থাগার দিবস ২০২২ উপলক্ষ্যে বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) ৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখ রাত ৮টায় 'বাংলাদেশের গ্রন্থাগার পেশাজীবী ও ডিজিটাল গ্রন্থাগারঃ প্রতিবন্ধকতা ও প্রত্যাশা' শীর্ষক একটি অনলাইন আলোচনা সভার আয়োজন করে। বেলিড মহাসচিব শশাঙ্ক কুমার সিংহ-এর স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। বেলিড চেয়ারম্যান ড. মোহাম্মদ হোচ্ছাম হায়দার চৌধুরী'র সভাপতিত্বে অনুষ্ঠিত এ আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কেবিনেট ডিভিশনের অতিরিক্ত সচিব সানজিদা সোবহান এনডিসি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. এস. এম. মান্নান। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মো. মোস্তাফিজুর রহমান, অধ্যাপক ও বিভাগীয় প্রধান, গ্রন্থাগার ব্যবস্থাপনা ও তথ্য বিজ্ঞান বিভাগ, রয়্যাল ইউনিভার্সিটি অব ঢাকা। মূল প্রবন্ধের আলোচক ছিলেন অধ্যাপক ড. এস এম জাবেদ আহমেদ, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং অধ্যাপক ড. সাইফুল ইসলাম, চেয়ারম্যান, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং অধ্যাপক ড. জয়ন্তী রাণী বসাক, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়। অনুষ্ঠানে পেশাজীবী প্রতিনিধি হিসেবে অভিমত ব্যক্ত করেন মো. আব্বাছ উদ্দিন পাঠান, গ্রন্থাগারিক, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং মো. হাবিবুর রহমান, গ্রন্থাগারিক, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সায়েন্সেস বিশ্ববিদ্যালয়। অনুষ্ঠানে বক্তাগণ ডিজিটাল গ্রন্থাগার গঠনে দেশের গ্রন্থাগার পেশাজীবীদের অবদান ও করণীয় সম্পর্কে বিভিন্ন দিক নির্দেশনামূলক প্রস্তাব উপস্থাপন করেন। প্রধান অতিথি দেশের গ্রন্থাগারগুলোর তথ্য সম্পদ ডিজিটাইজড করার জন্য একটি প্রকল্প প্রস্তাব তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ে প্ররণের জন্য বেলিডকে পরামর্শ দেন।

## জাতীয় গ্রন্থাগার দিবস

'সুবর্ণ জয়ন্তীর অঙ্গীকার, ডিজিটাল গ্রন্থাগার' প্রতিপাদ্য সামনে রেখে নানা আয়োজনের মধ্য দিয়ে ৫ ফেব্রুয়ারি ২০২২ জাতীয় গ্রন্থাগার দিবস পালিত হয়েছে। সকাল ১১টায় জাতীয় গণগ্রন্থাগার প্রাঙ্গণে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে এদিবসের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী জনাব আসাদুজ্জামান খান কামাল, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি সিমিন হোসেন রিমি। অনুষ্ঠানে মূল আলোচক ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মো. আবুল মনসুর।

দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি এডভোকেট মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা আলাদা বাণী দিয়েছেন। রাষ্ট্রপতি তাঁর বাণীতে বলেন, প্রযুক্তির নতুন ধারার সঙ্গে তাল মিলিয়ে সরকার গ্রন্থাগারের অবকাঠামোগত সুযোগ-সুবিধা বৃদ্ধি করেছে। একটি জ্ঞান মনস্ক, সুন্দর ও আলোকিত সমাজ গঠনে গ্রন্থাগারের ভূমিকা অপরিসীম। মানব সভ্যতার সূচনা, বিকাশ ও ধারাবাহিকতার অমূল্য তথ্যাবলি পুস্তকে গ্রন্থিত থাকে। গ্রন্থাগার সেই সংখ্যাতীত পুস্তকের বিপুল সমাহারকে ধারণ করে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ উপলক্ষ্যে দেওয়া বাণীতে বলেন, সরকার গ্রন্থাগারের অবকাঠামোগত সুযোগ-সুবিধা বৃদ্ধির পাশাপাশি গ্রন্থাগারগুলোকে ডিজিটালাইজেশনের জন্য প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নিয়েছে। তথ্য-প্রযুক্তির অভাবিত উন্নয়ন স্রোতে পরিবর্তনের নতুন ধারার বাস্তবায়নে উন্নয়ন প্রকল্পের মাধ্যমে বর্তমান সরকার গ্রন্থাগারের অবকাঠামোগত সুযোগ-সুবিধা বৃদ্ধি করছে, পাশাপাশি গ্রন্থাগারগুলোকে ডিজিটালাইজেশনের জন্য প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নিয়েছে।

এছাড়াও দেশের বিভিন্ন প্রাতিষ্ঠানিক ও গণগ্রন্থাগারগুলো অত্যন্ত গুরুত্ব ও মর্যাদার সাথে দিবসটি পালন করে।

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ এলামনাই এসোসিয়েনের পূর্ণাঙ্গ কমিটি গঠন

গত ১৫ অক্টোবর ২০২২ তারিখে অনুষ্ঠিত তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ এলামনাই এসোসিয়েশন, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর আহ্বায়ক কমিটির সভায় অধ্যাপক ড. এস এম মান্নান কে সভাপতি ও অধ্যাপক ড. মো. সাইফুল ইসলাম কে মহাসচিব করে ৩৫ (পঁয়ত্রিশ) সদস্যবিশিষ্ট পূর্ণাঙ্গ কার্যনির্বাহী কমিটি গঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক নতুন কার্যনির্বাহী কমিটির ১ম সভা ২৯ অক্টোবর ২০২২, শনিবার সকাল ১১:৩০টায় অধ্যাপক ড. এস এম মান্নান-এর সভাপতিত্বে বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়।


নতুন কার্যনির্বাহী কমিটির ১ম সভার সিদ্ধান্ত মোতাবেক তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ এলামনাই এসোসিয়েশন-এর সঞ্চয়ী হিসাব খোলা হয়েছে। হিসাব শিরোনাম: তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ এলামনাই এসোসিয়েশন, ঢাকা বিশ্ববিদ্যালয় (বাংলায়) এবং Alumni Association of the Dept. of ISLM, DU (ইংরেজিতে) হিসাব নম্বর: ৪৪০৫৭০১০২৮৮৪৩, সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখা, ঢাকা-১০০০। ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের সকল নিয়মিত শিক্ষার্থীরা ১৫০০ টাকা ফি প্রদান করে এই এলামনাই এসোসিয়েশনের সদস্য হতে পারবেন।



তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ এলামনাই এসোসিয়েশন কার্যনির্বাহী কমিটির প্রথম সভায় উপস্থিত সদস্যবৃন্দ

## মির্জা মোহা. রেজাউল ইসলাম স্মারক গ্রন্থের মোড়ক উন্মোচন

বাংলাদেশের প্রখ্যাত গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানী প্রয়াত ড. মির্জা মোহা. রেজাউল ইসলামকে নিয়ে স্মারক গ্রন্থ ‘আছো হৃদয়ের আঙিনায়’ প্রকাশিত হয়েছে। গত ২৬ ফেব্রুয়ারি ২০২২ বিকাল পাঁচটায় বাংলা একাডেমির নজরুল মঞ্চে গ্রন্থটির মোড়ক উন্মোচন করা হয়। মোড়ক উন্মোচন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হাক্কানী পাবলিশার্সের প্রকাশক ও স্বত্বাধিকারী জনাব গোলাম মোস্তফা, স্মারক গ্রন্থটির দুই সম্পাদক এ কে এম মফিজুর রহমান এবং কনক মনিরুল ইসলাম। আরও উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. এস এম জাবেদ আহমেদ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক ড. মো. আনোয়ারুল ইসলাম, বেলিডের সাবেক চেয়ারম্যান হাজেরা রহমান, বেলিডের সাবেক মহাসচিব মোহাম্মদ হুমায়ুন কবির, আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লাইব্রেরিয়ান আবু মোহা. হান্নান মিয়া, মির্জা মোহা. রেজাউল ইসলামের পরিবারের পক্ষ থেকে তাঁর সহধর্মিণী, দুই ছেলে, ছোট ভাই, শ্যালিকা ও পুত্র বধূরাসহ প্রমুখ। অনুষ্ঠানে আগত অতিথিরা মির্জা মোহা. রেজাউল ইসলামের কর্মের স্মৃতিচারণ করেন এবং গ্রন্থাগার পেশায় তাঁর অবদানের কথা সশ্রদ্ধায় স্মরণ করেন। ভবিষ্যতেও ড. রেজার মতো প্রথিতযশা পেশাজীবীদের এমন স্মারক গ্রন্থের প্রকাশনা অব্যাহত থাকবে বলে তাঁরা আশা প্রকাশ করেন।




এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, কবি বকুল হায়দার, জাতিসংঘ তথ্যকেন্দ্রের কর্মকর্তা ড. মো. মনিরুজ্জামান, ইআরডির সাবেক পরিচালক আবু সাঈদ, মাউশির লাইব্রেরি উন্নয়ন কর্মকর্তা তৃপ্তি সাহা নিভা, সিরডাপের লাইব্রেরিয়ান ড. ঊষা রানী বড়ুয়া, আইইউটির লাইব্রেরি-ইন-চার্জ আহসান হাবিব, বাংলাদেশ রিডিং এসোসিয়েশনের প্রধান সমন্বয়ক নাফিস উদ্দিন খান, ঢাকা বিশ্ববিদ্যালয় গবেষণা সংসদের প্রতিষ্ঠাতা সাইফুলাহ সাদেক, জাতীয় গ্রন্থকেন্দ্রের কর্মকর্তা মোবাশ্বিরা মাহমুদা সুপ্তি এবং গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগের বিভিন্ন বর্ষের শিক্ষার্থীরা। আরও উপস্থিত ছিলেন লাইব্রেরিয়ান ভয়েস সম্পাদনা পর্ষদের সদস্যবৃন্দ।

## পদোন্নতি

### ৫৭ জন সহকারি গ্রন্থাগারিক কাম ক্যাটালগারকে গ্রন্থাগারিক পদে পদোন্নতি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি কলেজ ও সরকারি টিচার্স ট্রেনিং কলেজে কর্মরত ৫৭ জন সহকারি গ্রন্থাগারিক-কাম-ক্যাটালগার-কে গ্রন্থাগারিক (১ম শ্রেণীর গেজেটেড) পদে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের সুপারিশে গত ৬ নভেম্বর ২০২২ তারিখে পদোন্নতি দিয়ে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। উল্লেখ্য উক্ত কর্মকর্তাগণ ২০০২ এবং ২০০৫ সালে সরকারি কলেজে যোগদান করে দীর্ঘ দিন একই পদে কর্মরত ছিলেন। কিন্তু নিয়োগবিধি অনুযায়ী পদোন্নতির ২০% কোটার একটি বাধা থাকার কারণে সরকারি কলেজে গ্রন্থাগারিক পদে ৮০% পদই শুন্য ছিল। ২০২১ সালে নিয়োগবিধিটি সংশোধন হওয়ায় উক্ত কর্মকর্তাদের পদোন্নতির বাধা দূর হয়।

### মো. রফিকুর রহমান-এর ডেপুটি লাইবেরিয়ান পদে পদোন্নতি

মো. রফিকুর রহমান গত ২০ অক্টোবর ২০২১ সালে কেন্দ্রীয় গ্রন্থাগার, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ডেপুটি লাইব্রেরিয়ান হিসেবে পদোন্নতি পেয়েছেন। এর আগে তিনি ২০১৬ সালে একই প্রতিষ্ঠানে অ্যাসিস্টেন্ট লাইব্রেরিয়ান হিসেবে যোগদান করেন।

### আনিসুর রহমান-এর ডেপুটি লাইব্রেরিয়ান পদে পদোন্নতি

মোঃ আনিসুর রহমান গত ৩০ জুন ২০২০ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারে ডেপুটি লাইব্রেরিয়ান হিসেবে পদোন্নতি পেয়েছেন। এর আগে তিনি ২০১২ সালে একই প্রতিষ্ঠানে জুনিয়র লাইব্রেরিয়ান হিসেবে যোগদান করেন এবং ২০১৬ সালে এ্যাসিস্টেন্ট লাইব্রেরিয়ান পদে পদোন্নতি লাভ করেন।

## বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা...

–১ম পৃষ্ঠার বাকী অংশ

অনুষ্ঠানের সম্মানিত অতিথি'র বক্তব্যে মুক্তিযুদ্ধ জাদুঘরের প্রতিষ্ঠাতা ট্রাস্টি জনাব মফিদুল হক বেলিডের এ উদ্যোগের প্রশংসা করেন এবং বেলিডের সাথে যৌথভাবে মুক্তিযুদ্ধ জাদুঘরের সংগ্রহশালা এবং লাইব্রেরি আধুনিকীকরণের ব্যাপারে আগ্রহ প্রকাশ করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বেলিডের মহাসচিব শশাঙ্ক কুমার সিংহ এবং বেলিডের কার্যক্রম ও সাফল্য উপস্থাপন করেন যুগ্ম-মহাসচিব এ, কে, এম, নুরুল আলাম অপু। বেলিডের সহ-সভাপতি রেজিনা আক্তারের সঞ্চলনায় পরিচালিত এ অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন বেলিডের বিশেষ দিবস উদযাপন কমিটির আহ্বায়ক ড. মোহাম্মদ মনিরুজ্জামান। অনুষ্ঠানে সরকারী ও বেসরকারী কর্মকর্তা, গ্রন্থাগার ও তথ্যসেবা পেশাজীবী, বেলিডের সুহৃদ ও গণমাধ্যমের প্রতিনিধিসহ শতাধিক ব্যক্তি অংশগ্রহণ করেন।



**আইনউদ্দিন আহমেদ**
মুক্তিযুদ্ধ এলাকা: ০৩ নং সেক্টর
সর্বশেষ কর্মস্থল: মহাব্যাস্থাপক, বাংলাদেশ ব্যাংক গ্রন্থাগার, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা। নিজ জেলা: নরসিংদী।



**এডভোকেট আক্তারুজ্জামান**
মুক্তিযুদ্ধ এলাকা: ১১ নং সেক্টর
সর্বশেষ কর্মস্থল: গ্রন্থাগারিক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা। নিজ জেলা: শেরপুর।



**মো. আব্দুল গফফার**
মুক্তিযুদ্ধ এলাকা: ০৬ নং সেক্টর
সর্বশেষ কর্মস্থল: গ্রন্থাগারিক, জলঢাকা ডিগ্রী কলেজ, জলঢাকা, নীলফামারী। নিজ জেলা: নীলফামারী।



**মো. আনিছুর রহমান**
মুক্তিযুদ্ধ এলাকা: ০৯ নং সেক্টর
সর্বশেষ কর্মস্থল: গ্রন্থাগারিক, ভূমি আপীল বোর্ড, ঢাকা। নিজ জেলা: ঝালকাঠী।



**মো. মাহবুব আলম**
মুক্তিযুদ্ধ এলাকা: ০৮ নং সেক্টর
সর্বশেষ কর্মস্থল: গ্রন্থাগারিক, শেরে বাংলা মেডিক্যাল কলেজ, বরিশাল। নিজ জেলা: বরিশাল।



**অধ্যাপক ড. এস. এম. মান্নান**
মুক্তিযুদ্ধ এলাকা: ০৮ নং সেক্টর
সর্বশেষ কর্মস্থল: অধ্যাপক, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। নিজ জেলা: যশোর। (ব্যক্তিগত অসুবিধার জন্য অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারেননি)

## শিক্ষার্থীদের প্রদত্ত গ্রন্থাগার ফি গ্রন্থাগার উন্নয়নে ব্যয়ের দাবি



বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) গত ১৬ জুন ২০২১ তারিখ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ড. গোলাম ফারুক সাথে সাক্ষাৎ করে এমপিও শীটে গ্রন্থাগার প্রভাষক ও সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) পদের নাম অন্তর্ভুক্তি এবং গ্রন্থাগার উন্নয়নে শিক্ষার্থীদের প্রদত্ত গ্রন্থাগার ফি ব্যয়ের বিধান চালুর আবেদন করেন। মহাপরিচালক মহোদয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন বলে বেলিড নেতৃবৃন্দকে আশ্বস্ত করেন।

## শোক সংবাদ



বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) এর অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য ও সাবেক চেয়ারম্যান এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এর সাবেক পরিচালক (গবেষণা ও প্রকাশনা) আলহাজ্ব কে এম আব্দুল আউয়াল ২৮ মে ২০২০ তারিখ ভোর ৬:০৫ টায় ধানমন্ডিস্থ নিজ বাসভবনে ইন্তেকাল করেন (ইন্না লিলাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি ফুসফুসের ক্যান্সার রোগে ভুগছিলেন। উল্লেখ্য জনাব আউয়ালের সভাপতিত্বে অনুষ্ঠিত ২৩ জানুয়ারি ১৯৮৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনস্টিটিউট চত্বরের সভায় বেলিড প্রতিষ্ঠিত হয়। বেলিড মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।



বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) এর প্রতিষ্ঠাতা সদস্য ও সাবেক মহাসচিব, ইনস্টিটিউট ফর লাইব্রেরি এন্ড ইনফরমেশন ম্যানেজমেন্ট (ইলিম)এর পরিচালক এবং টিচার্স ট্রেনিং কলেজের অবসরপ্রাপ্ত সহযোগী অধ্যাপক জনাব এসএম শামসুজ্জামান ইন্তেকাল করেছেন (ইন্না লিলাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। বেলিড মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।



বেলিডির সাবেক সাধারণ সম্পাদক ও আজীবন সদস্য ড. মো. নাজিম উদ্দিন করোনায় আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন (ইন্নালিলাহি ওয়া ইন্না ইলাইহির রাজিউন)। তিনি আইসিডিডিআর,বি লাইব্রেরির সিনিয়র ম্যানেজার ছিলেন। বেলিড মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

## ডেটা সায়েন্স ও বিগ ডেটাঃ বাংলাদেশের তথ্য পেশাজীবীদের জন্য প্রতিবন্ধকতা ও সম্ভাবনা শীর্ষক বক্তৃতা



বেলিড কর্তৃক গত ১৫ ফেব্রুয়ারি ২০২০ তারিখে বেঙ্গল ফাউন্ডেশনের জ্ঞান তাপস অধ্যাপক আব্দুর রাজ্জাক মিলনায়তনে ডেটা সায়েন্স ও বিগ ডেটাঃ বাংলাদেশের তথ্য পেশাজীবীদের জন্য প্রতিবন্ধকতা ও সম্ভাবনা শীর্ষক বক্তৃতা আয়োজন করা হয়। বেলিড চেয়্যারমান হাজেরা রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ বক্তৃতায় প্রধান অতিথি ছিলেন অধ্যাপক ড. এস এম জাবেদ আহমেদ, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও বিশেষ অতিথি ছিলেন মহাপরিচালক, বেঙ্গল ফাউন্ডেশন বিশ্লিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক আববার আহমেদ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন মোহাম্মদ শরিফুল ইসলাম, সহকারী অধ্যাপক, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। প্রবন্ধের আলোচক ছিলেন মোহাম্মদ হোচ্ছাম হায়দার চৌধুরী ও ড. মো. মোস্তাফিজুর রহমান। অনুষ্ঠানে দেশের শতাধিক তরুণ গ্রন্থাগার ও তথ্যসেবা পেশাজীবী উপস্থিত ছিলেন।

## ল্যাবের ১৪তম সাধারণ সভা

গত ২৮ অক্টোবর ২০২২ ঢাকার রমনার আইইবি মিলনায়তনে বাংলাদেশ গ্রন্থাগার সমিতি (ল্যাব) -এর ১৪তম সাধারণ সভা ও ল্যাব এম এস খান ফাউন্ডেশন মেধাবৃত্তি প্রদান অনুষ্ঠিত হয়েছে। ল্যাবের বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথি হিসেবে ভার্চুয়াল মাধ্যমে যুক্ত ছিলেন যুক্তরাষ্ট্রের জর্জিয়া গুইনেট কলেজের অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব আরকানসাস -এর অধ্যাপক ড. মির্জা শাহজাহান ও বাংলা একাডেমীর সাবেক চেয়ারম্যান ড. হারুন-অর-রশীদ। এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ল্যাবের সভাপতি ড. মো. মিজানুর রহমান।

সাধারণ সভায় স্বাগত বক্তব্য রাখেন ল্যাবের সহসভাপতি মো. মহিউদ্দিন হাওলাদার। বিশেষ অতিথি এম এস খানের জামাতা ও বাংলা একাডেমীর সাবেক চেয়ারম্যান অধ্যাপক ড. হারুন অর রশীদ গ্রন্থাগারিকদের মধ্যে দ্বান্দবিক বিষয়গুলোকে নিরসন করে এগিয়ে যাওয়ার আহ্বান জানান। তিনি প্রতিষ্ঠান হিসেবে ল্যাবের আর্থিক ভিত্তি শক্ত করার প্রস্তাব দেন। অনুষ্ঠানে গত দুই বছরের উন্নয়ন ও কর্ম পরিকল্পনা উপস্থাপন করেন সমিতির মহাসচিব মোহাম্মদ হামিদুর রহমান তুষার।

অনুষ্ঠানে ল্যাব এম এস খান ফাউন্ডেশন মেধাবৃত্তি প্রদান করা হয়। দেশের গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা পরীক্ষায় ২০২০-২০২১ সেশনে জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বরিশাল গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান ইনস্টিটিউট থেকে মেধাতালিকায় সর্বোচ্চ স্থান অধিকার করায় হাফসা জাহান-কে সনদ, সম্মাননা ক্রেস্ট ও নগদ টাকা প্রদান করা হয় এবং বাংলাদেশ গ্রন্থাগার সমিতি (ল্যাব) পরিচালিত সার্টিফিকেট কোর্সের ১০৭তম ব্যাচের প্রথম স্থান অধিকার করায় সাবরিনা মৌ-কে সনদ, সম্মাননা ক্রেস্ট ও নগদ টাকা প্রদান করা হয়। বাংলাদেশ গ্রন্থাগার সমিতির বার্ষিক সাধারণ সভায় সমিতির সদস্য, আজীবন সদস্য, দেশ-বিদেশের প্রায় এক হাজার পেশাজীবী ডেলিগেট অংশ গ্রহণ করেন।

## রচনা ও কুইজ প্রতিযোগিতা...

–১২ পৃষ্ঠার বাকী অংশ

২য় - মো. তাসিন আলম, শেরপুর সরকারি ভিক্টোরিয়া একাডেমি, শেরপুর; ৩য় - জারিন তাসনিম, পটুয়াখালী কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, পটুয়াখালী; এবং রচনা প্রতিযোগিতায় বিজয়ীরা হলোঃ ১ম - সানিয়া তাসনিম বর্ষা, বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ; ২য় - তাবিয়াহ আন নূর, বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ; ৩য় - নূসরাত নাযিফাহ নূহা, মনিপুর উচ্চ বিদ্যালয়, ঢাকা এবং যৌথ ৩য়- মো. আল ওয়াসি ফুয়াদ, আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, ঢাকা।



তাবিয়াহ আন নূর, বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ।



মো. তাসিন আলম, শেরপুর সরকারি ভিক্টোরিয়া একাডেমী, শেরপুর।



জারিন তাসনিম, পটুয়াখালি কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, পটুয়াখালি।



সানিয়া তাসনিম বর্ষা, বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ।



নূসরাত নাযিফাহ নূহা, মনিপুর উচ্চ বিদ্যালয়, ঢাকা।



মো. আল ওয়াসি ফুয়াদ, আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, ঢাকা।

## চতুর্থ শিল্প বিপ্লবে জ্ঞান ব্যবস্থাপনা শীর্ষক আলোচনা

বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) এর আয়োজনে ৫ নভেম্বর ২০২২ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদ মুনির চৌধুরী মিলনায়তনে "চতুর্থ শিল্প বিপ্লবে জ্ঞান ব্যবস্থাপনা: বাংলাদেশের গ্রন্থাগারগুলোকে রূপান্তরিত করার একটি রোডম্যাপ" শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এ সভায় দেশের বিভিন্ন অঞ্চল ও প্রতিষ্ঠান থেকে প্রায় শতাধিক গ্রন্থাগার ও তথ্যসেবা পেশাজীবী অংশ নেন।




বেলিডের চেয়ারম্যান ড. মোহাম্মদ হোচ্ছাম হায়দার চৌধুরীর সভাপতিত্ব ও মহাসচিব শশাঙ্ক কুমার সিংহের সঞ্চালনায় এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) মো. বেলায়েত হোসেন তালুকদার। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. মো. রোকনুজ্জামান। মূল প্রবন্ধকার বাংলাদেশের গ্রন্থাগারগুলোকে রূপান্তরিত করার প্রস্তাবিত একটি রোডম্যাপ তুলে ধরেন। মূল প্রবন্ধের ওপর বিস্তৃত আলোচনা করেন অর্থ মন্ত্রণালয়ের বহিঃসম্পদ বিভাগের পরিচালক (অব.) মো. আবু সাঈদ। এছাড়াও আলোচনা করেন ইউএনআইডিওর কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ ড. জাকি উজ জামান। সভার প্রধান অতিথি অতিরিক্ত সচিব (উন্নয়ন) মো. বেলায়েত হোসেন তালুকদার বলেন "চতুর্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ মোকাবেলায় প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি কারিগরী ও ভোকেশনাল শিক্ষা জরুরী"। সভাপতির বক্তব্যে বেলিডের চেয়ারম্যান ড. মোহাম্মদ হোচ্ছাম হায়দার চৌধুরী বলেন, বেলিড নিয়মিত এ ধরনের সেমিনার, ওয়ার্কশপ এবং প্রশিক্ষণের মাধ্যমে উন্নত বিশ্বের পেশাজীবীদের মতো বাংলাদেশের পেশাজীবীদের কর্মক্ষমতা এবং দক্ষতা বাড়াতে সক্ষম হবে বলে আমরা বিশ্বাস করি। বেলিডের সহ-সভাপতি রেজিনা আক্তার সমাপনী ও ধন্যবাদ বক্তব্য প্রদান করেন।

## পিএইচডি ডিগ্রী অর্জন

❑ বেলিডের চেয়ারম্যান ও ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ (আইইউবি) -এর লাইব্রেরিয়ান মোহাম্মদ হোচ্ছাম হায়দার চৌধুরী (দীপু) সম্প্রতি বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি) থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. এস. এম. মান্নান এর তত্ত্বাবধানে এ ডিগ্রি অর্জন করেন। তাঁর গবেষণার শিরোনাম ছিল "A Plan for the Development of Institutional Repositories in University Libraries of Bangladesh". জনাব চৌধুরীর লাইব্রেরি এন্ড ইনফরমেশন সার্ভিস ডিজিটাইজেশন, লাইব্রেরী অটোমেশন, ডাটাবেস মডেল ডিজাইন এর ওপর বেশকিছু লেকচার পেপার রয়েছে। তাঁর অসংখ্য প্রকাশিত নিবন্ধের মধ্যে রয়েছে একাডেমিক রিপোজিটরি, বাংলাদেশের একাডেমিক লাইব্রেরিগুলোর মধ্যে রিসোর্স কনসোর্টিয়াম, লাইব্রেরিতে আইসিটির ব্যবহার, ইনফরমেশন লিটারেসি, ডিজিটাল রিসোর্স ম্যানেজমেন্ট, লাইব্রেরিয়ানশিপ, ই-জার্নালের ব্যবহার, বই সংগ্রহ পদ্ধতি, লাইব্রেরিতে পাঠচক্রের ব্যবহার ইত্যাদি। এছাড়াও লেখক, সহ-লেখক হিসেবে বিভিন্ন সময়ে তার অনেক নিবন্ধ দেশ-বিদেশের জার্নাল ও বইয়ের অংশ হিসেবে প্রকাশিত হয়েছে। তিনি দেশে-বিদেশে বিভিন্ন কনফারেন্সে প্রবন্ধ উপস্থাপন করার পাশাপাশি গ্রন্থাগার পরিদর্শন ও প্রবন্ধ উপস্থাপনের জন্য ভারত, মালয়েশিয়া, সিঙ্গাপুর, থাইল্যান্ড ও যুক্তরাষ্ট্র সফর করেছেন।

❑ আইসিডিডিআর,বি-এর লাইব্রেরি অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস-এর সিনিয়র লাইব্রেরি অফিসার মো. শফিউর রহমান সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেছেন। তাঁর পিএইচডি গবেষণার শিরোনাম হলো Health Information System and Services in the Medical Libraries of Bangladesh : problem and prospects। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. এস. এম. মান্নান -এর তত্ত্বাবধানে এ ডিগ্রি অর্জন করেন। জনাব রহমান ২০১৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একই অধ্যাপকের তত্ত্বাবধানে এমফিল ডিগ্রী অর্জন করেন।

❑ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ খালিদ আলম জাপানের খ্যাতনামা বিশ্ববিদ্যালয় 'জাপান এডভান্সড ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি'র স্কুল অব নলেজ সায়েন্স থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেছেন। তার গবেষণার বিষয় ছিল User-Centered Problem-Based Learning at Learning Commons: Exploration of a Unique Learning Pedagogy in Academia এবং তত্ত্বাবধায়ক ছিলেন উক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব নলেজ সায়েন্সর প্রফেসর ইউজি কোদা।

## বেলিড সুহৃদ সম্মাননা প্রদান



গ্রন্থাগার ও তথ্যসেবা পেশাজীবীদের কার্যক্রমে সর্বদা অংশগ্রহণ ও এ পেশার প্রতি মমত্য-বোধ-এর স্বীকৃতিস্বরূপ তরুণ শিল্পোদ্যোক্তা মো. নাছির উদ্দিন-কে গত ২ ডিসেম্বর ২০২২ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী এডভোকেট আলহাজ্ব আ ক ম মোজাম্মেল হক এমপি এক অনুষ্ঠানের মাধ্যমে বেলিড সুহৃদ সম্মাননা প্রদান করেন। জনাব নাছির উদ্দিন টাচ স্টোন হোম ইলেক্ট্রনিক্স লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক। বগুড়ায় অবস্থিত টাচ স্টোন হোম ইলেক্ট্রনিক্স লিঃ দেশে উৎপাদিত ইলেক্ট্রনিক্স সামগ্রী ফ্রিজ, টেলিভিশন, এয়ার কন্ডিশন ইত্যাদি স্থানীয়ভাবে উৎপাদন করে থাকে।

# গ্রন্থাগারিকতা পেশার মান উন্নয়নে কৃতিত্ব পূর্ণ অবদানের জন্য ‘বেলিড সম্মাননা’ প্রদান




বেলিড সম্মাননা প্রাপ্ত গুণী ব্যক্তিবৃন্দ

বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড)-এর ২৩তম সাধারণ সভা দেশের গ্রন্থাগারিকতা পেশার মান উন্নয়নে কৃতিত্ব পূর্ণ অবদানের জন্য ১১জন বিশিষ্ট ব্যক্তিকে ‘বেলিড সম্মাননা’ প্রদান করেছে। এ সকল গুণী ব্যক্তিদের নেতৃত্বে দেশের গ্রন্থাগার পেশাজীবীগণ ২০১৭ থেকে ২০২১ পর্যন্ত দীর্ঘ পাঁচবছর ধারাবাহিকভাবে রাজপথে আন্দোলন ও কর্তৃপক্ষের সাথে আলোচনার মাধ্যমে স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরী শিক্ষাপ্রতিষ্ঠান গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিকদের শিক্ষক পদমর্যাদা ও পদবী যথাক্রমে ‘গ্রন্থাগার প্রভাষক’ ও ‘সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)’ গত ২৮ মার্চ ২০২১ তারিখের শিক্ষা মন্ত্রণালয়ের বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা ২০২১-এ অন্তর্ভুক্তির মাধ্যমে অর্জন করতে সক্ষম হয়েছেন। উলেখ্য, ২২ ডিসেম্বর ২০১৬ তারিখের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা কর্তৃক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভার্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা ২০০৯ (সংশোধিত) পরিপত্রে গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিকগণ শিক্ষক হিসেবে গণ্য হইবে না উলেখ করা হয়েছিল। ফলে গ্রন্থাগারিকগণ বিদ্যালয় পরিচালনা পরিষদের নির্বাচনে অংশগ্রহণ ও ভোট দানের অধিকার থেকে বঞ্চিত হয় এবং নিজ প্রতিষ্ঠানে অবহেলা ও বৈষম্যের স্বীকার হতে থাকেন।

গত ২৭ নভেম্বর ২০২১ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদ মুনীর চৌধুরী মিলনায়তনে বেলিড চেয়ারম্যান হাজেরা রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এক অনুষ্ঠানে এ সকল মহান ব্যক্তিদের প্রত্যেককে বেলিডের সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। সম্মাননা প্রাপ্ত ব্যক্তিরা হলেন- বেলিডের আজীবন সদস্য ও সাবেক সংসদ সদস্য বেগম আখতার জাহান, বেলিডের সাবেক চেয়ারম্যান ড. মির্জা মোহা. রেজাউল ইসলাম এবং সাবেক চেয়ারম্যান ও রয়্যাল ইউনিভার্সিটি অব ঢাকার অধ্যাপক ড. মো. মোস্তাফিজুর রহমান, বেলিডের আজীবন সদস্য ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. এস এম জাবেদ আহমেদ, বেলিডের সাবেক ভাইস-চেয়ারম্যানগণ যথাক্রমে সৈয়দ আলী আকবর, ড. মো. আনোয়ারুল ইসলাম, এ কে এম মফিজুর রহমান ও আবু মোহা. হান্নান মিয়া, সাবেক মহাসচিব শশাংক কুমার সিংহ, বাংলাদেশ বিদ্যালয় গ্রন্থাগার সমিতির সভাপতি এ এফ এম কামরুল হাছান এবং জাতীয়করণকৃত ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান গ্রন্থাগার সমিতি (এনজেল) সভাপতি আবুল মাজদার মাহফুজ আহাম্মদ।

# স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে রচনা ও কুইজ প্রতিযোগিতা

স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে বেলিড দেশব্যাপী বিভিন্ন স্কুলের শিক্ষার্থীদের জন্য রচনা ও কুইজ প্রতিযোগিতার আয়োজন করে। রচনার বিষয় ছিল ‘নতুন প্রজন্মের ভাবনায় বঙ্গবন্ধু ও স্বাধীনতা’। অনধিক ১০০০ শব্দের এই রচনা প্রতিযোগিতায় দেশের ৬ষ্ঠ শ্রেণী হতে ১০ম শ্রেণীর শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। অন্যদিকে কুইজ প্রতিযোগিতার বিষয় ছিল ‘বঙ্গবন্ধু,বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ’। দেশের ৬ষ্ঠ শ্রেণী হতে ১০ম শ্রেণীর শিক্ষার্থীরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। দেশব্যাপী অনুষ্ঠিত এই প্রতিযোগিতার প্রতিটি পর্বে বেলিড সেরা তিনজন প্রতিযোগিকে পুরস্কৃত করেছে।




স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে রচনা ও কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ী শিক্ষার্থীবৃন্দ

ঢাকার মুক্তিযুদ্ধ যাদুঘরের সেমিনার কক্ষে অনুষ্ঠিত ২ ডিসেম্বর ২০২২ তারিখে এক অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এডভোকেট আলহাজ আ ক ম মোজাম্মেল হক, এমপি প্রধান অতিথি হিসেবে প্রতিযোগিতার বিজয়ী শিশুদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এ কুইজ ও রচনা প্রতিযোগিতায় সমগ্র দেশ থেকে শতাধিক শিশু অংশ গ্রহণ করে। তন্মধ্যে কুইজ প্রতিযোগিতায় বিজয়ীরা হলোঃ ১ম - তাবিয়াহ আন নূর, বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ;

... বাকী অংশ পৃষ্ঠা ১০ এ